

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৪৩

२. यन गंनाता সूि छेलात्मां (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ তারুওয়া ও আল্লাহভীতি

بَابُ الْخَوْفِ وَالتَّقْوَى

## আরবী

643 \_ أَخْبَرَنَا سُلَيْمَانُ بْنُ الْحَسَنِ بْنِ الْمِنْهَالِ الْعَطَّارُ بِالْبَصِرَةِ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُعَاذٍ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ حَدَّثَنَا سِمَاكُ سَمِعَ النَّعْمَانَ بْنَ بَشِيرٍ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أُنْذِرُكُمُ النَّارَ أُنْذِرُكُمُ النَّارَ أُنْذِرُكُمُ النَّارَ أُنْذِرُكُمُ النَّارَ أُنْذِرُكُمُ النَّارَ أُنْذِرُكُمُ النَّارَ أَنْذِرُكُمُ النَّارَ أُنْذِرُكُمُ النَّارَ أَنْذِركُمُ النَّارَ فِي مَقَامِي هَذَا وَهُو بِالْكُوفَةِ سَمِعَهُ أَهْلُ السُّوقِ حَتَّى وَقَعَتْ خَمِيصَةٌ كَانَتْ عَلَى عالمَة على رجليه.

الراوي: النُّعْمَان بْن بَشِيرٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 643 ا خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৬৪৩. নু'মান বিন বাশির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "আমি তোমাদেরকে জাহান্নামের আগুন সম্পর্কে ভীতি প্রদর্শন করছি! আমি তোমাদেরকে জাহান্নামের আগুন সম্পর্কে ভীতি প্রদর্শন করছি!!!" নু'মান বিন বাশির রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "যদি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার এই জায়গায় থাকতেন, (এসময় তিনি কুফায় ছিলেন) তবে বাজারের লোকেরাও তাঁর কথা শুনতে পেতেন। এমনকি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাঁধে একটি চাদর ছিল, সেটি তাঁর পা মোবারকের উপর পড়ে যায়!"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/২৬৮; দারেমী: ২/৩৩০।



আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আল মিশকাত: ৫৬৮৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ নু'মান ইবনু বশীর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন